

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৫১

৯. পানীয় অধ্যায় (كتاب الأشرية)

পরিচ্ছেদঃ ১৪. কলসে নাবীয় প্রস্তুত এবং এতে যা কিছু ভিজিয়ে রাখা হয় তা নিষিদ্ধ

بَابُ النَّهْيِ عَنِ نَبِيذِ الْجَرِّ وَمَا يُنْبَذُ فِيهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانِ حَدَّثَنَا ثَابِتُ بْنُ يَزِيدَ حَدَّثَنَا عَاصِمٌ عَنْ فَضِيلِ بْنِ زَيْدِ الرَّقَاشِيِّ أَنَّهُ أَتَى عَبْدَ اللَّهِ بْنَ مَعْقَلٍ فَقَالَ أَخْبِرْنِي بِمَا يَحْرُمُ عَلَيْنَا مِنَ الشَّرَابِ فَقَالَ الْخَمْرُ قَالَ قُلْتُ هُوَ فِي الْقُرْآنِ قَالَ مَا أَحَدَّثَكَ إِلَّا مَا سَمِعْتُ مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَدَأَ بِالِاسْمِ أَوْ قَالَ بِالرِّسَالَةِ قَالَ نَهَى عَنِ الدَّبَاءِ وَالْحَنْتَمِ وَالنَّقِيرِ

বাংলা

২১৫১. ফুযাইল ইবনু যাইদ আর রাক্বাশী রাহি. হতে বর্ণিত, তিনি আব্দুল্লাহ ইবনু মুগাফ্ফাল রাদিয়াল্লাহু আনহু এর এসে বললেন, আমাদের যে সকল পানীয় হারাম করা হয়েছে, আপনি আমাকে সেগুলি জানান। তিনি বললেন, মদ। তিনি বলেন, আমি বললাম, তা তো কুরআনেই আছে।

তিনি বললেন, আমি তোমাকে কেবল এমন হাদীসই বর্ণনা করব, যা আমি মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি।- তিনি তাঁর নাম দিয়ে কিংবা রিসালাত দিয়ে শুরু করলেন। তিনি বলেন, তখন তিনি বললেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) 'দুব্বা' (লাউয়ের খোলের) ও 'হানতাম' (মাটি দ্বারা তৈরী এক প্রকার সবুজ কলস) ও 'নাকির' (খেজুর গাছের মূল-কাণ্ড খুঁড়ে বানানো কাঠের পাত্র বিশেষ) ব্যবহার করতে নিষেধ করেছেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ভায়ালিসী ১/৩৩৭-৩৩৮ নং ১৭১৬; আহমাদ ৪/৮৬, ৫/৫৭; তাবারাণী, আওসাত নং ৫২৭৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82434>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন